



Brescia

ইমিগ্রেশন বিষয়ক বিশেষ বুলেটিন

১১ ই ডিসেম্বর ২০০৬ হতে ইমিগ্র্যান্টদের জন্য বেশকিছু কাজের পদ্ধতি পরিবর্তিত হতে যাচ্ছে।

কি পরিবর্তিত হতে যাচ্ছে :

- বিবিধ আবেদনপত্র, আবেদন পদ্ধতি ও পূর্বে যে সকল কাজ সাধারণত কস্তুরায় করা হতো।

যে সকল কাজের খরন পরিবর্তিত হতে যাচ্ছে :

- সোজ্জর্ন নবায়ন
- কার্তা দি সোজ্জর্নের জন্য আবেদন প্রক্রিয়া
- সোজ্জর্ন বা কার্তার নবায়ন / পরিবর্তন / পরিমার্জন
- অন্নান্য

উপরোল্লিখিত কাজগুলোর জন্য ইমিগ্র্যান্টদেরকে কস্তুরার পরিবর্তে পোস্ট অফিসে যেতে হবে।

ইমিগ্র্যান্টগণ পোস্ট অফিসে প্রয়োজনীয় কাগজপত্রের কিট বিনামূল্যে সংগ্রহ করতে পারবেন।

প্রয়োজনীয় আবেদনপত্রাদি পূরনকরে নির্ধারিত ফিস (৩০ ইউরো + মার্কা দি বল্লো) প্রদান করতঃ সকল ডকুমেন্ট পোস্ট অফিসের মাধ্যমে প্রেরন করতে হবে। প্রেরনের মুহূর্তে পোস্ট অফিস যে রিসিট প্রদান করবে তাই সাময়িক ডকুমেন্ট হিসাবে পরিগনিত হবে।

বিশেষ ভাবে উল্লেখ্য যে প্রত্যেক ব্যক্তিকে নিজ নিজ কাজের জন্য নিজ পরিচয় প্রত্যয়নকারী কাগজ সহ পোস্ট অফিসে যেতে হবে।

পরিবর্তন বিহীন থেকে যাচ্ছে :

- পরিবারবর্গ আনয়ন প্রক্রিয়া
- যে সকল কাজ ইতিমধ্যে শুরু করা হয়েছে।

CISL, ANOLF, INAS আপনার জন্য কি করতে পারে

প্রত্যেক ব্যক্তি ইচ্ছা অনুযায়ী নিজ নিজ ফরম নিজেই পূরন করতে পারেন ও প্রয়োজনীয় কাগজ পত্র নিজেই সংগ্রহ করতে পারেন অথবা অন্য যে কারো সাহায্য নিতে পারেন। তবে CISL, ANOLF, INAS এ ব্যাপারে আপনাকে প্রয়োজনীয় সাহায্য প্রদান করতে পারে। উল্লেখ্য যে এ খরনের সাহায্য পাওয়ার জন্য এ্যাপয়েন্টমেন্ট নেওয়া প্রয়োজন।

তাছাড়া INAS স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের অনুমোদনক্রমে কম্পিউটারের মাধ্যমে নির্ভুলভাবে ফরম পূরন করার ব্যাপারে আপনার সহায়তা করতে পারে।

দুই উপায়ে আপনি এ্যাপয়েন্টমেন্ট নিতে পারেন :

ফোন : ০৩০৩৮৪৪৬৯৫

অথবা সরাসরি CISL এর অফিসে Via - Altipiano d'Asiago n° 3, Brescia.

সোম থেকে শুক্রবার , সকাল ৯টা থেকে ১২টা ও বিকাল ১৫টা থেকে ১৮টা পর্যন্ত।

নিম্নোল্লিখিত সকল স্থানের জন্যই এ্যাপয়েন্টমেন্ট চাওয়া যেতে পারে :

BRESCIA, DESENZANO D.G., GAVARDO, GARDONE VT, CHIARI, PALAZZOLO S.O., ORZINUOVI, MANERBIO, MONTICHIARI.

বিঃদ্রঃ অত্র বুলেটিনে বর্ণিত সার্ভিস শুধুমাত্র ব্রেসিয়া ও প্রভিন্সের জন্য প্রযোজ্য। অন্নান্য প্রয়োজনীয় তথ্যাদির জন্য ANOLF এ যোগাযোগ করুন।